**পরিশিষ্ট-ক**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ইনচার্জ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান

এবং

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮– জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

উপক্রমণিকা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি

সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয় এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

**উপক্রমণিকা (Preamble)**

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদারকরা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ইনচার্জ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান

এবং

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
## আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান
## এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the BLRI Regional Station)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ**

বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান- এ হিলি এবং রেড জঙ্গল মোরগ-মুরগীর জাত সংরক্ষণ ও উন্নয়ন, হিলি ব্রাউন বেঙ্গল ছাগলের জাত সংরক্ষণ ও উন্নয়ন, বিলুপ্তপ্রায় হরিণের জাত সংরক্ষণ ও উন্নয়ন, বিলুপ্তপ্রায় গয়ালের জাত সংরক্ষণ এবং সমতল ভূমির দেশি জাতের ভেড়াকে পাহাড়ি এলাকায় খাপ খাওয়ানোর লক্ষ্যে বিভিন্ন ধরণের গবেষণা কার্যক্রম পরিচালনা করছে। এই গবেষণা কেন্দ্রটি প্রতিষ্ঠালগ্ন থেকেই পাহাড়ি এলাকায় মাঠ পর্যায়ে গবেষণা কার্যক্রম ও প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে খামারীদের প্রশিক্ষণ ও কারিগরি পরামর্শ প্রদান, হ্যাচিং ডিম ও ঘাসের কাটিং বিতরণসহ বিভিন্ন কার্যক্রম সফলতার সাথে বাস্তবায়ন করে আসছে। বিগত ৩ বছরে ৬০০ জন খামারীকে প্রাণিসম্পদ ও পোল্ট্রি পালন বিষয়ক প্রশিক্ষণ প্রদান এবং ৮৫০ জন খামারীকে পরামর্শ সেবা প্রদান করেছে। বিগত বছরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রী মহোদয়ের মাধ্যমে খামারীদেরকে ৩৫ টি ভেড়া বিতরণ করা হয়েছে। গত বছর প্রথমবারের মত আঞ্চলিক কেন্দ্র নাইক্ষ্যংছড়িতে বার্ষিক গবেষণা কর্মশালার আয়োজন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

প্রশিক্ষিত ও দক্ষ জনবলের স্বল্পতা অত্র আঞ্চলিক কেন্দ্রের গবেষণা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অন্যতম অন্তরায়। সফলতার সাথে কেন্দ্রের গবেষণা কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নে অর্থের অপ্রতুলতা ও গবেষণাগারের কাজের সুযোগ সুবিধার অভাব রয়েছে । অত্র এলাকায় প্রাণিসম্পদ ও পোল্ট্রি বাজারজাতকরণে মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম ও অস্থিতিশীল বাজারমূল্যের কারণে প্রান্তিক পর্যায়ের খামারীরা সঠিক মুল্য পাচ্ছে না। গবেষণার মাধ্যমে অত্র এলাকার প্রাণিসম্পদ ও পোল্ট্রি খামারীদের সমস্যার সমাধান, বিভিন্ন রোগ প্রতিরোধ এবং রোগ নিয়ন্ত্রণ করা, অধিক উৎপাদনশীল বিভিন্ন প্রকার ফডারের জাত উন্নয়ন এবং বছরব্যাপি খাদ্যের প্রাপ্যতা নিশ্চিতকরনের মাধ্যমে দেশের প্রাণিজ আমিষের চাহিদা পূরণ করাই কেন্দ্রের প্রধান চ্যালেঞ্জ। এছাড়া, জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় দেশীয় আবহাওয়া উপযোগী প্রাণী ও ঘাসের জাত উন্নয়ন, নিত্য নতুন রোগসমূহের প্রতিকার কৌশল উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করা একান্ত অপরিহার্য।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

রূপকল্প ২০২১ ও টেকসই উন্নয়ন এর লক্ষ্যমাত্রা অর্জনে অত্র আঞ্চলিক কেন্দ্রের সমস্যা ভিত্তিক বিভিন্ন গবেষণা কার্যক্রম গ্রহণ করা হয়েছে । এসব পরিকল্পনার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, পাহাড়ী অঞ্চলের প্রাণীসম্পদ ও পোল্ট্রির সংরক্ষণ এবং উন্নয়ন। সমতল ভূমির দেশীয় ভেড়াকে পাহাড়ী পরিবেশে খাপ খাওয়ানো। গবাদিপশুর বিভিন্ন সংক্রামক, ইমার্জিং, রি-ইমার্জিং রোগ, জুনোটিক রোগ, ইত্যাদি সম্পর্কিত উন্নত গবেষণা করা। এছাড়া, জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলা এবং পরিবেশবান্ধব প্রাণিসম্পদ প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করা অত্র কেন্দ্রের ভবিষ্যৎ পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ।

**২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য অর্জনসমূহ**

- প্রাণিসম্পদ উন্নয়নের লক্ষ্যে ০৩টি গবেষণা কার্যক্রম বাস্তবায়ন
- মানব সম্পদ উন্নয়নে ৩০০ জন খামারী/উদ্যোক্তাদের প্রশিক্ষণ
- ৩০০ জন খামারী/উদ্যোক্তাদের পরামর্শ প্রদান
- ৩৫ টি প্রাণিরোগের নমুনা পরীক্ষণ
- ১১ হাজার ঘাসের কাটিং বিতরণ
- ৫০০ টি হ্যাচিং ডিম বিতরণ
- ১৫ টি উঠান বৈঠক বাস্তবায়ন
- বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০১৮ বাস্তবায়ন

## সেকশন-১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic objectives) এবং কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প (**Vision**): দেশের প্রাণিসম্পদের উন্নয়নে জাতীয় চাহিদার নিরীখে গবেষণা পরিচালনা ও প্রযুক্তি উদ্ভাবন

১.২ অভিলক্ষ (**Mission**): প্রাণিজ আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে গবেষণার মাধ্যমে প্রাণিসম্পদের উৎপাদন এবং উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য প্রযুক্তি উদ্ভাবন

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

### ১.৩.১ ইনস্টিটিউটের কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives of the Institute):

১. প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করা

২. প্রাণিসম্পদ/ঘাসের জাত সংরক্ষণ ও উন্নয়ন

৩. প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর

৪. মানবসম্পদ উন্নয়ন

৫. প্রাথমিক সম্প্রসারণ কার্যক্রম

### ১.৩.২. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (Compulsory Strategic Objectives):

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন

### ১.৪ কার্যাবলি (Functions):

১. প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করা।
২. জাত উন্নয়ন ও গবেষণার নিমিত্ত প্রাণিসম্পদের জাত ও ঘাসের জার্মপ্লাজম সংরক্ষণ ।
৩. প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে টেকসই প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর
৪. মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে খামারী/উদ্যোক্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান।
৫. খামারী পর্যায়ে প্রাণিসম্পদ প্রযুক্তির প্রাথমিক সম্প্রসারণের নিমিত্ত পরামর্শ সেবা, প্রাণী রোগের নমুনা পরিক্ষণ, বিতরণ সেবা (জীবন্ত প্রাণী/পোল্ট্রি/হ্যাচিং ডিম/ঘাসের কাটিং) প্রদান।

## সেকশন -৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ
(মোট মান: ৮০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight) | কার্যক্রম (Functions) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight) | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/ Criteria Value For FY 2018-19) | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ (Target 2019-20) | প্রক্ষেপণ ২০২০-২১ (Target 2020-21) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| প্রাণিসম্পদের ...র্বিক উন্নয়নের লক্ষ্যে ...ষণা কার্যক্রম ...চালনা | ১৫ | [১.১] প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা | বাস্তবায়িত গবেষণা কার্যক্রম | সংখ্যা | ৫ | - | ২ | ৩ | ২ | ১ | - | - | ২ | ৩ |
| প্রাণিসম্পদ/ঘাসের ...তসংরক্ষণ ও উন্নয়ন | ১০ | [২.১] প্রাণিসম্পদ সংরক্ষণ ও উন্নয়ন | সংরক্ষিত প্রাণীর জাত | সংখ্যা | ৫ | - | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৬ |
| | | [২.২] ঘাসের জার্মপ্লাজম সংরক্ষণ ও উন্নয়ন | সংরক্ষিত ঘাসের জার্মপ্লাজম | সংখ্যা | ৫ | - | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১৪ | ১৬ |
| ...মানবসম্পদ ...য়ণ | ২০ | [৪.১] খামারী/উদ্যোক্তা/ প্রশিক্ষণ | প্রশিক্ষিত খামারী/ উদ্যোক্তা | সংখ্যা | ১৫ | - | ২৫০ | ৩০০ | ২৫০ | ২০০ | ১৫০ | ১০০ | ৩৫০ | ৪০০ |
| | | [৪.২] কর্মচারি প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত কর্মচারি | সংখ্যা | ৫ | - | - | ১২ | ১০ | ৮ | ৬ | ৪ | ১৪ | ১৬ |
| প্রাথমিক ...প্রসারণ কার্যক্রম | ৩০ | [৫.১] পরামর্শ সেবা | পরামর্শপ্রদানকৃত খামারী/উদ্যোক্তা | সংখ্যা | ১৬ | - | ২২৫ | ৩০০ | ২৫০ | ২০০ | ১৭৫ | ১৫০ | ৩২৫ | ৩৫০ |
| | | [৫.৫] প্রাণী রোগের নমুনা পরীক্ষণ | পরীক্ষিত রোগের নমুনা | সংখ্যা | ২ | - | ২৫ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ৪০ | ৪৫ |
| | | [৫.৬] ঘাসের কাটিং বিতরণ | বিতরণকৃত ঘাসের কাটিং | সংখ্যা | ৪ | - | ১০২৫০ | ১১০০০ | ১০০০০ | ৯০০০০ | ৮০০০ | ৭০০০ | ১২০০০ | ১২৫০০ |
| | | [৫.৭] হ্যাচিং ডিম বিতরণ | বিতরণকৃত হ্যাচিং ডিম | সংখ্যা | ৪ | | ১৮৬৭ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ৫৫০ | ৬০০ |
| | | [৫.৮] উঠান বৈঠক | বাস্তবায়নকৃত উঠান বৈঠক | সংখ্যা | ৪ | - | ১২ | ১৫ | ১২ | ৯ | ৬ | ৫ | ১৭ | ১৮ |
| বার্ষিক গবেষণা ...লোচনা কর্মশালা | ৫ | বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালার আয়োজন | বাস্তবায়িত বার্ষিক কর্মশালা | সংখ্যা | ৫ | - | ১ | ১ | - | - | - | - | - | - |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (২০)

| লগত দ্দেশ্য tegic ctive) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight) | কার্যক্রম (Functions) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/ Criteria Value For FY 2018-19) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | | | | |
| দন চুক্তি া করণ | ৩ | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ২ | ১৮ জুলাই, ২০১৮ | ২২ জুলাই, ২০১৮ | ২৫ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদান চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষেরনিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ৬ জানুয়ারি, ২০১৯ | ৯ জানুয়ারি, ২০১৯ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিতপ্রশিক্ষণেরসময় | জনঘন্টা* | - | | | | | |
| তি, বশ ও নোন্নয়ন | ৯ | ই- ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই- ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত* | % | ২ | ৬০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত** | % | ২ | ৬০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | নূন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৬ জানুয়ারি, ২০১৯ | ৯ জানুয়ারি, ২০১৯ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ |
| | | সিটিজেন চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ১০০ | ৮০ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | | সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ১ জানুয়ারি, ২০১৯ | ৮ জানুয়ারি, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৯ জানুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | - | | | | | |
| | | পিআরএল শুরুর ২মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | - | | | | | |
| | | | ছুটিন গদায়ন পত্র জারিকৃত | % | - | | | | | |
| ও সম্পদ নার | ৫ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | - | | | | | |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | - | | | | | |
| | | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ২ | ৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ৩ মার্চ, ২০১৯ | ১৮ মার্চ,২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ২ | ৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ৩ মার্চ, ২০১৯ | ১৮ মার্চ,২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়নকর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | - | | | | | |
| শুদ্ধাচার ও তথ্য া করণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | - | | | | | |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | - | | | | | |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ৩ | ১০০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |

আমি, ইনচার্জ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর সম্মানীয় মহাপরিচালক মহোদয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা, ইনচার্জ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান, এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষরিত:

১২/০৬/২০১৮

ইনচার্জ
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান।

তারিখ

১২/৬/২০১৮

মহাপরিচালক
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-১৩৪১।

তারিখ

## শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| 1. | বিএলআরআই | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (Bangladesh Livestock Research Institute) |
| 2. | ToT | Training of the Trainer |

## …জনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রনালয় এবং সংস্থা/বিভাগ এর পরিমাপণ পদ্ধতির বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপণ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা | বাস্তবায়িত গবেষণা কার্যক্রম | জাত উন্নয়ন বিষয়ক গবেষণার মাধ্যমে গবাদিপশু ও পোল্ট্রির জাত উন্নয়ন করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| প্রাণিসম্পদ সংরক্ষণ ও উন্নয়ন | সংরক্ষিত প্রাণীর জাত | জাত সংরক্ষণ ও গবেষণার লক্ষ্যে সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| ঘাসের জার্মপ্লাজম সংরক্ষণ ও উন্নয়ন | সংরক্ষিত ঘাসের জার্মপ্লাজম | জাত সংরক্ষণ/গবেষণার/বিতরণের নিমিত্ত সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| খামারী/উদ্যোক্তা/ প্রশিক্ষণ | প্রশিক্ষিত খামারী/ উদ্যোক্তা | বিষয়ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে প্রাণিসম্পদ পালনে দক্ষ মানব সম্পদ তৈরী করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| কর্মচারি প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত কর্মচারি | ToT প্রশিক্ষণের মাধ্যমে বিএলআরআই এর উদ্ভাবিত প্রযুক্তি লব্ধ জ্ঞান কর্মকর্তা/কর্মচারী/ সম্প্রসারণ কর্মীদের নিকট পৌঁছে দেয়া | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| পরামর্শ সেবা | পরামর্শপ্রদানকৃত খামারী/উদ্যোক্তা | খামার স্থাপন ও গবাদি প্রাণী/পোল্ট্রি পালন/রোগ বালাই সংক্রান্ত পরামর্শ প্রদানের মাধ্যমে খামারী/উদ্যোক্তাদের সমস্যার সমাধান করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বার্ষিক প্রতিবেদন/প্রশিক্ষণ প্রতিবেদন | |
| প্রাণী রোগের নমুনা পরীক্ষণ | পরীক্ষিত রোগের নমুনা | গবাদি প্রাণী/পোল্ট্রির রোগসমূহ সঠিকভাবে সনাক্ত করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বার্ষিক প্রতিবেদন/প্রশিক্ষণ প্রতিবেদন | |
| ঘাসের কাটিং বিতরণ | বিতরণকৃত ঘাসের কাটিং | মাঠ পর্যায়ের খামারীদের মাঝে উন্নত জাতের ঘাসের কাটিং বিতরণের মাধ্যমে ঘাসের উৎপাদন বৃদ্ধি করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বার্ষিক প্রতিবেদন/রেজিস্ট্রার বই | |
| হ্যাচিং ডিম বিতরণ | বিতরণকৃত হ্যাচিং ডিম | অধিক উৎপাদনশীল পোল্ট্রির হ্যাচিং ডিম বিতরণের মাধ্যমে খামারী/উদ্যোক্তাদের উদ্বুদ্ধ করা। | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বার্ষিক প্রতিবেদন/রেজিস্ট্রার বই | |
| উঠান বৈঠক | বাস্তবায়নকৃত উঠান বৈঠক | প্রাণিসম্পদ ও পোল্ট্রি পালন বিষয়ে খামারীদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিয়মিত উঠান বৈঠকের আয়োজন করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বার্ষিক প্রতিবেদন/রেজিস্ট্রার বই | |
| বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালার আয়োজন | বাস্তবায়িত বার্ষিক কর্মশালা | বছরব্যাপী গবেষণা থেকে প্রাপ্ত ফলাফল সম্পর্কে সকলকে অবহিতকরণ এবং পরামর্শ গ্রহণ | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বার্ষিক প্রতিবেদন | |